

# India-Argentina Foreign Office Consultations

September 10, 2020

## ভারত-আর্জেন্টিনা বিদেশ দপ্তরের মধ্যে পরামর্শ

সেপ্টেম্বর 10,2020

10 সেপ্টেম্বর 2020 তারিখে ভিডিও কনফারেন্সের মাধ্যমে পঞ্চম ভারত-আর্জেন্টিনা বিদেশ দপ্তরের পরামর্শ হয়েছে। ভারতের তরফে নেতৃত্ব দিয়েছেন শ্রীমতি বিজয় ঠাকুর সিংহ, সচিব (পূর্বা)। আর্জেন্টিনার তরফে নেতৃত্ব দিয়েছেন আর্জেন্টিনার উপ বিদেশমন্ত্রী শ্রী পাবলো আনসেলমো তেত্তামান্তি।

পরামর্শ চলাকালীন, দুই পক্ষ তাদের কৌশলগত অংশীদারিত্বের পরিকাঠামোর মধ্যে দ্বিপাক্ষিক সহযোগিতার সার্বিক বিষয় নিয়ে পর্যালোচনা করেছেন। পরামর্শে অন্তর্ভুক্ত ছিল রাজনৈতিক, বাণিজ্য এবং অর্থনৈতিক সহযোগিতা সেই সাথে সামরিক ক্ষেত্রে সহযোগিতা, মহাকাশ, শক্তি, বিজ্ঞান ও প্রযুক্তি, ওষুধবিদ্যা, খনি, সংস্কৃতি এবং জনগণের প্রতি জনগণের সংযোগ বৃদ্ধি।

উভয় পক্ষ বর্তমান চুক্তির বাস্তবায়ন তার সাথে সাথে প্রাতিষ্ঠানিক দ্বিপাক্ষিক মেকানিজমের নিয়মিত বৈঠক করা সহ যে চুক্তিগুলি নিয়ে আলোচনা চলছে এবং দ্বিপাক্ষিক আলোচ্য সূচির মধ্যে অন্তর্ভুক্ত করার বিষয়ে সহমত হয়েছে সেগুলি নিয়ে পর্যালোচনা করেছেন। তারা খুব শীঘ্রই বিদেশ মন্ত্রী স্তরে যৌথ আয়োগ বৈঠকের ব্যবস্থা করার বিষয়ে সহমত হয়েছেন।

তারা সাধারণ স্বার্থের আঞ্চলিক এবং আন্তর্জাতিক সমস্যার উপরে তাদের দৃষ্টিভঙ্গির আদানপ্রদানও করেছেন এবং বহুপাক্ষিক ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির বিষয়ে সহমত হয়েছেন। তারা COVID-19 অতিমারির বিরুদ্ধে লড়াইয়ে তাদের দৃষ্টিভঙ্গি এবং অভিজ্ঞতারও বিনিময় করেছেন।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 10,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.